

(প্রেস বিজ্ঞপ্তি)

৩০ মার্চ ২০২২

## চসিক পরিচালিত মেমন হাসপাতালে শিশুদের পুষ্টি যাচাই কর্মসূচির উদ্বোধন

বাংলাদেশ নগর স্বাস্থ্য ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প-৬ বাস্তবায়নের লক্ষ্যে চট্টগ্রাম নগরীতে ৬মাস থেকে ৫বছর বয়সী শিশুদের পুষ্টি যাচাইকরণ কর্মসূচি আজ বুধবার সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত মেমন মাতৃসদন হাসপাতালের কনফারেন্স রুমে উদ্বোধন করা হয়।

চসিক স্বাস্থ্য স্ট্যাভিং কমিটির সভাপতি কাউন্সিলর জহর লাল হাজারীর সভাপতিত্বে উদ্বোধনী বক্তব্য রাখেন চসিক প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী। এতে আরো উপস্থিত ছিলেন কাউন্সিলর নাজমুল হক ডিউক, জাফরুল হায়দার চৌধুরী, ডা. মোহাম্মদ আলী, ডা. রফিকুল ইসলাম, ডা. তপন চৌধুরী, ডা. কাজী আহমেদ জাকী, ডা. ওবাইদুর রহমান, ডা. বুশরা তাবাসসুম, ডা. জুয়েল মহাজন, ডা. সরওয়ার আলম, ডা. ইমাম হোসেন রানা প্রমুখ।

সেভ দ্য চিল্ড্রেন'র সার্বিক সহযোগিতায় এ কর্মসূচি সফল করার উপর গুরুত্ব দিয়ে চসিক প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী বলেন, কোভিড-১৯ নিয়ন্ত্রণে চসিক যে ভূমিকা পালন করেছে তা সর্বজনের কাছে প্রশংসায়োজ্য হয়েছে শুধু তা নয়, চসিক টিকা প্রদান কর্মসূচি পালনে সারাদেশের মধ্যে সব চাইতে বেশি সফলতা পেয়েছে। বলতে গেলে চসিক দেশের অন্যান্য চিকিৎসা সেবা প্রতিষ্ঠান অপেক্ষা শ্রেষ্ঠত্ব অর্জন করেছে। চসিক স্বাস্থ্য বিভাগ শিশুদের টিকা প্রদানের ক্ষেত্রেও সফল ও সুনামের অধিকারী।

চসিক ভ্রাম্যমাণ আদালত পরিচালিত

## অস্বাস্থ্যকর, নোংরা পরিবেশে খাবার তৈরি এবং বিক্রয়ের উদ্দেশ্যে সংরক্ষণ করায় ফুলেল ফুড প্রোডাক্টস ও আল মক্কা হোটেলকে ফেলক্ষ টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী এর নেতৃত্বে অস্বাস্থ্যকর, নোংরা ও দুর্গন্ধময় পরিবেশে মিষ্টান্ন ও বেকারী পণ্য উৎপাদন করায় মোহরাস্তা ফুলেল ফুড প্রোডাক্টসকে ৩লক্ষ টাকা এবং অস্বাস্থ্যকর, নোংরা ও দুর্গন্ধময় পরিবেশে খাবার তৈরী ও বাসি খাদ্যদ্রব্য বিক্রয় উদ্দেশ্যে সংরক্ষণ করায় মুরাদপুরস্থ মক্কা হোটেল এন্ড রেস্টুরেন্টকে ২লক্ষ টাকা জরিমানা করা হয়। অপর অভিযানে স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন এর নেতৃত্বে নগরীর পাঠানটুলী চৌমুহনী ও হালিশহর রোডের ফুটপাথ ও রাস্তা দখল করে দোকানের মালামাল ও নির্মাণ সামগ্রী স্তূপ করে চলাচলের প্রতিবন্ধকতার সৃষ্টির দায়ে ১৭দোকানদারের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২৪হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা প্রদান করেন।

## চসিক আয়োজিত স্বাধীনতা স্মারক পদক পাচ্ছেন চট্টগ্রামের ৬জন স্বনামধন্য ব্যক্তি ও ১টি প্রতিষ্ঠান

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আগামীকাল বৃহস্পতিবার বিকেল ৪টায় আন্দকিল্লাস্থ চসিক পুরাতন নগর ভবনের কে. বি আবদুস ছত্তার মিলনায়তনে মহান স্বাধীনতা দিবস ২০২২ উপলক্ষে চট্টগ্রামের ৬জন স্বনামধন্য ব্যক্তি ও ১টি প্রতিষ্ঠানকে স্বাধীনতা সম্মাননা স্মারক পদক প্রদান করা হবে। যারা পদক পাওয়ার জন্য মনোনীত হয়েছেন তারা হলেন যথাক্রমে স্বাধীনতায় এম.এ ওহাব (মরণোত্তর), মুক্তিযুদ্ধে এস ইউসুফ (মরণোত্তর), সাংবাদিকতায় হেলাল উদ্দিন চৌধুরী, সংস্কৃতিতে ওস্তাদ জগদানন্দ বড়ুয়া (মরণোত্তর), ত্রীড়ায় নজরুল ইসলাম লেদু (মরণোত্তর), সমাজ সেবায় আল মানহিল ওয়েলফেয়ার ফাউন্ডেশন বাংলাদেশ, চিকিৎসায় ডা. একিএম সিরাজুল ইসলাম।

### স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩